যুগান্তর

তারিখ: 16 JAN 2017
পৃঃ ২ কলাম ৪

'বি' ও 'ই' ইউনিট

# জবির অপেক্ষমাণ সর্বশেষ তালিকা প্রকাশ

**জবি প্রতিনিধি**

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণীর 'বি' ইউনিটের ৭ম মাইগ্রেশন এবং ৮ম মেধাতালিকা প্রকাশ করা হয়েছে। একই সঙ্গে 'ই' ইউনিটের ৬ষ্ঠ মেধাতালিকাও প্রকাশ করা হয়েছে।

রোববার বিকালে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দফতর থেকে পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে এসব তথ্য নিশ্চিত করা হয়েছে। এতে আরও জানানো হয়, মনোনীত ছাত্রছাত্রীদের আগামী ১৬ এবং ১৭ জানুয়ারির মধ্যে বিভাগ পরিবর্তন এবং মেধাতালিকাধারী শিক্ষার্থীদের যথাসময়ে ভর্তি হওয়ার নির্দেশ প্রদান করা হয়েছে। ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.jnu.ac.bd) পাওয়া যাচ্ছে।